অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/9/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ওয়েস্ট হারলেমে টেস্টি ল্যাব ভবনের (TAYSTEE LAB BUILDING) ভিত্তিপ্রস্তর স্থাপনের ঘোষণা দেন

নতুন 350,000 বর্গ ফুটের ভবনে থাকছে জীবন বিজ্ঞান ল্যাব, অলাভজনক সংস্থা, বাণিজ্যিক ভাড়াটিয়া, খুচরো পণ্যের বিপণি এবং শিক্ষা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ওয়েস্ট হারলেমে 11 তলা বিশিষ্ট, 350,000 বর্গ ফুটের LEED-প্রত্যয়িত A শ্রেণির প্রপার্টি টেস্টি ল্যাব ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপনের ঘোষণা দেন যেটি দ্রুত বিকাশমানা ম্যানহাটানভিল ফ্যাক্টরি ডিস্ট্রিক্টে (Manhattanville Factory District) জীবন-বিজ্ঞান, প্রযুক্তি, শিক্ষা, অলাভজনক সংস্থা ও শিল্পকলা খাতের বিভিন্ন কোম্পানি ও প্রতিষ্ঠানের জন্য একটি অত্যাধুনিক কেন্দ্র হিসেবে কাজ করবে। জানুস প্রপার্টি কোম্পানি (Janus Property Company) কর্তৃক নির্মিত এই নতুন ভবনটি হবে ডিস্ট্রিক্টের কেন্দ্রবিন্দু, যা ওয়েস্ট 125 স্ট্রিট থেকে ওয়েস্ট 128 স্ট্রিট পর্যন্ত বিস্তৃত এবং নতুন ভবন নির্মাণ এবং পুরোনো ইন্ডাস্ট্রিয়াল ভবনের পুনঃনির্মাণ উভয়ই এর অন্তর্ভুক্ত। এই প্রকল্প স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের যে লক্ষ্য গভর্নর কুওমোর রয়েছে সেদিকে আরো এগিয়ে নিয়ে যাবে।

"হারলেমের এক অবিশ্বাস্য ইতিহাস রয়েছে এবং এটি অবস্থিতও একটি উত্তেজনাপূর্ণ রেনেসাঁর মাঝে এবং এই নতুন ভবনটি আশেপাশের মানুষের ভবিষ্যতের জন্য এক গুরুত্বপূর্ণ বিনিয়োগ হবে", **গভর্নর কুওমো বলেন।** "টেস্টি ভবনটি আশেপাশের সব সেরা সাইটগুলো থেকে স্বল্প দূরত্বের মধ্যে জীবন-বিজ্ঞান ল্যাব এবং শিক্ষা প্রতিষ্ঠানের এক অত্যাধুনিক কেন্দ্র প্রদান করবে।"

"হারলেম সংস্কৃতি ও বৈচিত্র্যে পরিপূর্ণ এবং এলাকার প্রবৃদ্ধির গতি অব্যাহত রাখে এমন প্রকল্পে বিনিয়োগ করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ", **বলেছেন লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল, যিনি আজকের ঘোষণা দিয়েছেন।** "এই নতুন টেস্টি ল্যাব ভবনটি ম্যানহাটানভিল ফ্যাক্টরি ডিস্ট্রিক্টের কেন্দ্রবিন্দু এবং জীবন-বিজ্ঞান ও প্রযুক্তির উপর গুরুত্ব দিয়ে কাজ করে যাওয়া উদ্ভাবনী কোম্পানি ও সংস্থাগুলোর ঠিকানা হবে। এই উন্নয়ন ভবিষ্যত অর্থনীতি রূপান্তর ও নির্মাণ অব্যাহত রাখায় এলাকার অন্যান্য সংস্থা ও প্রকল্পগুলোর পরিপূরক হিসেবে কাজ করবে।"

"আমরা দীর্ঘকাল ধরে ওয়েস্ট হারলেমে বিশ্বাস রেখে আসছি এবং সক্রিয় সমর্থন জানিয়ে আসছি," **জানুস প্রপার্টি কোম্পানির প্রিন্সিপাল স্কট মেজনার বলেন।** "টেস্টি ল্যাব ভবনটি অঞ্চলের বাণিজ্যিক এলাকাকে পুনরুজ্জীবিত করার উদ্দেশ্যে অঞ্চলের অখণ্ডতা বজায় রেখে উদ্ভাবকদের নিজেদের দোরগোড়ায় নিয়ে আসার জন্য জানুস এর 30 বছরের চলমান প্রচেষ্টাকে অব্যাহত রাখবে।

এ নতুন ভবনটি ওয়েস্ট হারলেমে ক্রমবর্ধমান জীবন-বিজ্ঞানের উপস্থিতি এবং নিউ ইয়র্ক শহরজুড়ে সেই বিস্তৃতির জন্য প্রয়োজনীয় স্থানের সংকট উভয়টির সমাধান করেছে। দিন দিন আরো বেশি ভাড়াটিয়াগণ অঞ্চলের সুবিধা, চমৎকার অবস্থান, ঐতিহাসিক ডিস্ট্রিক্ট, পার্ক ও নদীমুখ এবং গবেষণা ও সাংস্কৃতিক দলের অসাধারণ উপস্থিতি উপলব্ধি করতে পারছেন।"

"ম্যানহাটানভিল ফ্যাক্টরি ডিস্ট্রিক্ট ওয়েস্ট হারলেমের আশেপাশের একাডেমিক ও সৃজনশীল ঐতিহ্যের সাথে গভীরভাবে যুক্ত", **বলেন জানুস প্রপার্টি কোম্পানির প্রিন্সিপাল জেরি সালামা।** "এটি নিউ ইয়র্কের শীর্ষস্থানীয় উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের ঘনবসতিপূর্ণ কমিউনিটি অঞ্চল এবং বিশ্বের অন্যতম একটি স্পন্দনশীল ও ঐতিহাসিক সাংস্কৃতিক কেন্দ্রের নিকটবর্তী। টেস্টি ল্যাব ভবন এবং ম্যানহাটানভিল ফ্যাক্টরি ডিস্ট্রিক্ট শহরের সংস্কৃতি, শিক্ষা ও প্রগতির মিলনস্থল—এবং সেখানে মানুষের যাওয়ার অসাধারণ সুবিধাসম্পন্ন গণ ট্রানজিটে অবস্থিত।"

সাবেক টেস্টি ব্রেড বেকারির সাইটে অবস্থিত এই ভবনটি এই অঞ্চলের সাবেক শিল্প প্রতিষ্ঠানের কেন্দ্রবিন্দুর সাথে সজ্জিত একটি আধুনিক নান্দনিক সৌন্দর্য প্রদর্শন করবে। এই প্রাথমিক উন্নয়নটি একটি প্রযুক্তিগতভাবে সক্রিয় স্থান যেটি স্থানীয় অঞ্চলের বৈচিত্র্যকে তুলে ধরার মাধ্যমে জীবন বিজ্ঞান থেকে সৃজনশীল TAMI ও শিক্ষা সংক্রান্ত কাজে ব্যবহারকারী বিভিন্ন ধরনের ভাড়াটিয়াদের সমন্বয় করতে পারে। ভূমির 36,000 বর্গ ফুট থেকে পেন্টহাউজের 15,000 বর্গ ফুট পর্যন্ত নমনীয় মেঝে বিদ্যমান, যেখানে সব মেঝেই ব্যয়বহুল যা মেঝে-থেকে-সিলিং পর্যন্ত গ্লাস দিয়ে তৈরি 14-ফুটের সিলিং বিশিষ্ট। তাছাড়া, এই প্রকল্পে রয়েছে প্রায় 20,000 বর্গ ফুটের বহিরাঙ্গনের জায়গা যাতে রয়েছে লম্বা আঙিনা যেটির মাধ্যমে সরাসরি ম্যানহাটানভিল ফ্যাক্টরি ডিস্ট্রিক্টে প্রবেশ করা যায়।

A, B, C, D ও 1 সাবওয়ে লাইন থেকে কয়েক ধাপ দূরে এবং মিডটাউন ম্যানহাটান থেকে এক স্টপেজে, টেস্টি ল্যাব ভবন নতুন বিজনেস স্কুল ও জেরোমি গ্রিন সায়েন্স সেন্টার (Jerome Greene Science Center) সহ কলাম্বিয়া ইউনিভারসিটি এবং সেইসাথে নিউ ইয়র্ক স্ট্রাকচারাল বায়োলজি সেন্টার (New York Structural Biology Center) ও সিটি কলেজ অব নিউ ইয়র্ক (City College of New York) উভয়ের পাশে অবস্থিত, যার মধ্যে আছে সিটি ইউনিভারসিটি অব নিউ ইয়র্ক (City University of New York, CUNY) সেন্টার ফর ডিসকভারি এন্ড ইনোভেশন (CUNY Center for Discovery and Innovation) এবং CUNY অ্যাডভান্সড সায়েন্স রিসার্স সেন্টার (CUNY Advanced Science Research Center)।

প্রপার্টিটি সিটিব্যাপী প্রতিযোগিতার পর নিউ ইয়র্ক সিটি ইকোনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশন (New York City Economic Development Corporation) কর্তৃক জানুস প্রপার্টির কাছে বিক্রি করা হয়েছিল এবং লেভেনবেটস আর্কিটেকটস (LevenBetts Architects) ও SLCE আর্কিটেকটস (SLCE Architects) কর্তৃক ডিজাইন করা হয়েছিল। পূর্বের জরাজীর্ণ ফ্যাক্টরিটি ধ্বংস করতে এবং নতুন টেস্টি ল্যাব ভবন নির্মাণ করতে জানুসের 350 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের সমর্থনে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) কর্মক্ষমতা-ভিত্তিক অনুদানে 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। ভবনটি 2020 সালের শেষের দিকে মোটামুটি সম্পন্ন হওয়ার পথে আছে।

ভবনটির জীবন বিজ্ঞান সিটিতে শিল্পের শক্তিশালী ভিত্তিকে দ্বিগুণ করার প্রতি গুরুত্ব দেয় যেটির মধ্যে আছে গবেষণা প্রতিষ্ঠানের জন্য সহায়তা এবং ট্যালেন্ট পাইপলাইন সৃষ্টি যেটি সারা বিশ্বের জীবন বিজ্ঞান কোম্পানিগুলোকে আকৃষ্ট করবে। গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্কে একটি বিশ্বমানের জীবন-বিজ্ঞান গবেষণা ক্লাস্টার গড়ে তোলার এবং এই গবেষণার বাণিজ্যিকীকরণে স্টেটের সক্ষমতা বৃদ্ধির জন্য 620 মিলিয়ন মার্কিন ডলারের উদ্যোগ গ্রহণ করেছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "ম্যানহাটানভিল ফ্যাক্টরি ডিস্ট্রিক্ট এর সাথে, জানুস প্রপার্টি কোম্পানি দীর্ঘ দিনের খালি প্রপার্টিগুলোতে নতুন কর্মী নিচ্ছে - এবং হারলেম কমিউনিটিতে আরো কর্মসংস্থান, কমিউনিটির জায়গা ও শিক্ষা প্রতিষ্ঠান আনছে।"

ফিশার ব্রাদার্সের পার্টনার ও NYC REDC এর সহ-সভাপতি উইনস্টন ফিশার বলেন, "টেস্টি ভবনটি এই অব্যবহৃত ভূমিকে ল্যাবরেটরি, বিপণী এবং শিক্ষা ও কমিউনিটি গ্রুপগুলোর জন্য একটি গতিশীল হাবে পরিণত করবে - যা হারলেমের প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে ও নিউ ইয়র্কবাসীদের জন্য সুযোগ তৈরি করতে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক জিনোম সেন্টারের প্রেসিডেন্ট ও চিফ অপারেটিং অফিসার এবং NYC REDC এর সহ-সভাপতি চেরিল এ. মুর বলেন, "নিউ ইয়র্কের জীবন বিজ্ঞান শিল্প আমাদের সিটি ও স্টেটের প্রতিটি কোণায় কোণায় উদীয়মান হচ্ছে। টেস্টি ল্যাব ভবনটি এই খাতের ক্রমাগত বৃদ্ধির চাঞ্চল্যকর প্রমাণ, যা ক্রমবর্ধমান জীবন বিজ্ঞান কোম্পানিগুলোর জন্য তাদের প্রসার অনুসারে সহায়তা প্রদান করছে।"

সেনেটর রবার্ট জ্যাকসন বলেন, "ওয়েস্ট হারলেমে এই ভবনের ভিত্তিপ্রস্তর হতে দেখা বেশ দারুণ বিষয়। এই নির্মাণ আগামী দশকগুলোতে ওয়েস্ট হারলেম ও বৃহত্তর নর্দান ম্যানহাটান কমিউনিটির চাহিদাগুলো কীভাবে পূরণ করে আসবে সে ব্যাপারে আলোচনা করার জন্য আমি জানুস প্রপার্টির সাথে সাক্ষাতের জন্য উন্মুখ হয়ে আছি।"

সেনেটর ব্রায়ান এ. বেঞ্জামিন বলেন, "টেস্টি ভবনটি সবসময় নতুনত্বের প্রতি প্রতিশ্রুতির জন্য পরিচিত এলাকা হিসেবে বিদ্যমান হারলেমে বাড়তি নতুনত্ব ও সংস্থান নিয়ে আসবে। আমি আজ গভর্নর কুওমোর সাথে এই ভিত্তিপ্রস্তর স্থাপনে ও কমিউনিটির গুরুত্বপূর্ণ উন্নয়ন উদযাপনে যোগদান করব।"

অ্যাসেম্বলি সদস্য ইনেজ ই. ডিকেন্স বলেন, "হারলেমের ম্যানহাটানভিলে ফ্যাক্টরি ডিস্ট্রিক্ট এর উন্নয়ন হচ্ছে আর আমরা এমন প্রকল্পগুলোতে বিনিয়োগ অব্যাহত রাখব যেন তা এই এলাকার রূপান্তর আরো বাড়িয়ে দেয়। টেস্টি ল্যাব ভবনটি শুধু এলাকাটিতে নতুন ব্যবসা আনবে তা নয়, এটা এলাকাটিতে জীবন-বিজ্ঞান, প্রযুক্তি ও কলাশিল্পের প্রসারে সাহায্য করবে। এগুলোর মতো গুরুত্বপূর্ণ বিনিয়োগে সহায়তা ও এই কমিউনিটির বৃদ্ধিতে অব্যাহত সাহায্যের জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

ম্যানহাটান বারা প্রেসিডেন্ট গেল এ. ব্রুয়ার বলেন, "আমরা সবাই জানি যে হারলেমের ক্রমবর্ধমান ব্যবসা—এবং টেস্টি ল্যাবের মতো ভবনগুলো নিশ্চিত করে যে এটি প্রত্যেকের জন্য বিকশিত হচ্ছে। আমি এই প্রকল্পে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের কাজের জন্য তাদেরকে ধন্যবাদ জানাই যা আমাদের তরুণ প্রতিভাধর উদ্যোক্তাদের শিল্পের একটি পরিসরে চাকরি ও সুযোগ সৃষ্টি করবে এবং আরো বেশি ব্যয়বহুল পাবলিক স্পেস সরবরাহ করবে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য মার্ক লেভিন বলেন, "ওয়েস্ট হারলেম কমিউনিটির সাথে একান্ত সহযোগিতার কয়েক বছরে টেস্টি ভবনটি উদ্বোধন করেছে, এটি একটি নতুন ডিস্ট্রিক্টের অংশ যা এলাকাটির শিল্প ইতিহাস গড়ে তোলে। সম্পন্ন হওয়ার পর, এটি কমিউনিটির জন্য কর্মসংস্থান ও অর্থনৈতিক জীবনযাত্রার একটি গুরুত্বপূর্ণ উৎস হতে পারে এবং প্রকল্পটি এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমি অধীর আগ্রহ প্রকাশ করছি।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন